


Australian Centre for
Disability Law

Bengali | বাংলা



আপনার অধিকার

স্কুলে আপনার প্রয়োজনীয় সাহায্যটি পাওয়া



www.disabilitylaw.org.au

বিষয়বস্তু

এই টুলকিট সম্পর্কে	2
আপনার অধিকার	3
মানদণ্ড	4
স্কুলের কী কী করা উচিত	5
স্কুল যদি সঠিক কাজ না করে তাহলে কী হবে	7
সহায়ক সরঞ্জাম	9

তথ্য, যোগাযোগ এবং ক্যাপাসিটি বিল্ডিং (ILC) প্রোগ্রামের অংশ হিসাবে এই তথ্যটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিস দ্বারা অর্থায়িত।


CID এই নথিটি সহজ পাঠ্য করেছে।

এগুলোর মধ্যে থেকে কোন ছবি ব্যবহার করতে চাইলে আপনাকে **CID** কে জিজ্ঞাসা করতে হবে।

CID এর সাথে যোগাযোগ করুন business@cid.org.au তে।

পার্ট ২

আপনার অধিকার



এই টুলকিট সম্পর্কে



এই টুলকিটটি অস্ট্রেলিয়ান সেন্টার ফর ডিসেবিলিটি ল থেকে নেয়া।

একটি **টুলকিট** আপনাকে এমন জিনিস সম্পর্কে ধারণা দেয় যা আপনার জানা বা করা উচিত।




এই টুলকিট এমন শিক্ষার্থীদের জন্য যারা NSW এর মূলধারার স্কুলে যায়।



এছাড়াও এটা তাদের জন্য

- যারা TAFE, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য জায়গায় শেখার উদ্দেশ্যে যায়
- পরিবার এবং পরিচর্যাকারী।



টুলকিটটি আপনাকে শেখার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে তা জানতে সাহায্য করবে।

এই টুলকিটে 6টি অংশ রয়েছে।

আপনার অধিকার



প্রত্যেকেরই শিক্ষা লাভের অধিকার রয়েছে।

শিক্ষা মানে স্কুলে যাওয়া এবং শেখা।



এমন আইন আছে যা শিক্ষার অধিকার কী তা সম্পর্কে শেখায়।

CRPD


আইনগুলির মধ্যে একটি হল কনভেনশন ফর দ্য রাইটস অব পিপল উইথ অ্যা ডিসএবিলিটি।

একে আমরা সংক্ষেপে **CRPD** বলব।




CRPD বলে যে প্রতিবন্ধী ব্যক্তিদের অবশ্যই অন্য সবার মতো একই শিক্ষা পাওয়ার অধিকার আছে।

মানদণ্ড



অস্ট্রেলিয়ায় একটি আইন আছে যেটি আপনার শিক্ষার অধিকারকে সংরক্ষণ করে।



একে প্রতিবন্ধী শিক্ষার মানদণ্ড বলা হয়।

মানদণ্ড সংক্ষেপে



মানদণ্ড নিশ্চিত করে যে আপনি প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের মতো একই শিক্ষা পেতে পারেন।



তারা স্কুলগুলোকে বলে তাদের কী করা উচিত।



আপনার অধিকার জেনে রাখা ভালো।

স্কুলের কী কী করা উচিত



স্কুলে যাওয়ার জন্য আপনার কী কী প্রয়োজন তা জানতে স্কুলকে অবশ্যই আপনার এবং আপনার পরিবারের সাথে কথা বলতে হবে।



ভালভাবে শেখার জন্য আপনার কি প্রয়োজন সে সম্পর্কেও স্কুলগুলিকে অবশ্যই বলতে হবে।



স্কুলগুলিকে অবশ্যই যুক্তিসঙ্গত সমন্বয় করতে হবে যাতে আপনি অন্তর্ভুক্ত হন।

যুক্তিসঙ্গত সমন্বয় হলো এমন পরিবর্তন যা আপনাকে স্কুলে শিখতে সাহায্য করে।



কখনও কখনও এমন কিছু জিনিস রয়েছে যেগুলো আপনার জন্য পরিবর্তন করতে হয়।

এরকম কিছু ঘটলে স্কুলকে অবশ্যই আপনার জন্য তা পরিবর্তন করতে হবে।



স্কুলে আপনার নিরাপদ বোধ করা গুরুত্বপূর্ণ।



সবাই যেন আপনার সাথে ভালো আচরণ করে তা গুরুত্বপূর্ণ।




আপনি উৎপীড়িত হতে বা আঘাত পেতে পারেন না।



বিদ্যালয়গুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে এরকম যেন না ঘটে।

স্কুল যদি সঠিক কাজ না করে তাহলে কী হবে



স্কুল সঠিক কাজ না করলে আপনার শিক্ষক বা অধ্যক্ষকে বলুন।



কখনও কখনও প্রকাশ করাটা কঠিন হতে পারে।



টুলকিটের পার্ট 4 আপনাকে এবং আপনার পরিবারকে কথা বলতে সাহায্য করবে।



পরিস্থিতি পরিবর্তন না হলে আপনি অভিযোগ করতে পারেন।

অভিযোগ হলো যখন আপনি কাউকে বলেন যে কিছু একটা ঠিকভাবে করা হচ্ছেনা।



প্রথম ধাপ হলো স্কুলে অভিযোগ করা।



আপনার স্কুল আপনাকে বলবে কিভাবে তাদের কাছে অভিযোগ দাখিল করতে হবে।

আপনাকে হয়ত এটি লিখিত আকারে দাখিল করতে হতে পারে।




আপনি আপনার পরিবার বা সহায়তা কর্মীর মত কাউকে সাহায্যের জন্য বলতে পারেন।



এরপরও বিষয়গুলো পরিবর্তন না হলে টুলকিটের পার্ট 5 দেখুন।

আপনি পরবর্তীতে কী করতে পারেন এটি সে সম্পর্কে কথা বলে।

সহায়ক সরঞ্জাম




এই ওয়েবসাইটগুলি সহজ পাঠের মধ্যে অন্তর্ভুক্ত নয়।
আপনি একজন সহায়তাকারীর সাহায্য চাইতে পারেন।



এই তথ্য মানদণ্ডগুলি নিয়ে কথা বলে

www.dese.gov.au/download/851/disability-standards-education-2005-plus-guidance-notes/16957/document/pdf



এই তথ্যগুলি দেখায় যে স্কুলগুলি আপনাকে কীভাবে
সহায়তা করবে

www.nccd.edu.au/wider-support-materials/whats-reasonable?parent=%2Fdisability-standards-education&activity=%2Fwider-support-materials%2Freasonable-adjustments&step=0